দৈনিক সংবাদ

86

তারিখ JAN 21 2000
পৃষ্ঠা ১০ কলাম ১

# ১ ও ২ ফেব্রুয়ারি জাতীয় কবিতা উৎসব

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ আগামী ১ ও ২ ফেব্রুয়ারি চতুর্দশ জাতীয় কবিতা উৎসব অনুষ্ঠিত হবে। ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় লাইব্রেরি ও টিএসসির সড়কদ্বীপ জুড়ে অনুষ্ঠিতব্য এ উৎসবের উদ্বোধন করবেন কবি শামসুর রাহমান। জাতীয় কবিতা পরিষদ আয়োজিত এবারের উৎসবের শ্লোগান হলো 'মাতৃভাষার আলোকধারায় কবিতার হোক জয়'।

গত বুধবার টিএসটিতে কবিতা পরিষদের এক সংবাদ সম্মেলনে উৎসবের কর্মসূচি ঘোষণা করা হয়। উৎসব কর্মসূচির মধ্যে রয়েছে বাংলাদেশ ও অন্যান্য দেশের বিভিন্ন ভাষার কবিদের কবিতা পাঠ, আবৃত্তি, সেমিনার ও প্রদর্শনীর আয়োজন। [illegible] উৎসবে আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের কানাডা প্রবাসী প্রস্তাবকারী দু জনকে আমন্ত্রণ জানানো হবে। সংবাদ সম্মেলনে কবি শামসুর রাহমান, অধ্যাপক কবীর চৌধুরী, গাজীউল হক, হাসান ইমাম, পান্না কায়সার এমপি, মযহারুল ইসলাম, রবীন্দ্র গোপ, সমুদ্র গুপ্ত, খালেদা এদিব চৌধুরী, কাজী রোজী, হাসান হাফিজ, শিহাব সরকার ও ডঃ মুহম্মদ সামাদ উপস্থিত ছিলেন।




জাতীয় কবিতা উৎসব উপলক্ষে গত বুধবার টিএসসি ক্যাফেটেরিয়ায় এক সংবাদ সম্মেলনের আয়োজন করা হয় — সংবাদ